# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

স্মারক নং- ১৩৮০/২০২৫ এসসি (এডি)

তারিখ ঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগপত্র

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের গত ০৮/১২/২০২৪ খ্রি. তারিখের ৫৫/২০২৪ নং বিজ্ঞপ্তির প্রেক্ষিতে চৌকিদার এর ০১টি শূন্যপদে নিম্নলিখিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৮২৫০-২০০১০/- টাকার স্কেল (গ্রেড-২০) এ নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে কাজে যোগদানের তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে নিয়োগ প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | রোল নং | নিজ জেলা | পদের নাম |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ মিঠুন আলী<br>পিতা ঃ মোঃ আব্দুল মান্নান<br>মাতা ঃ অসবা বেগম | ১৫০০০০১ | ঠাকুরগাঁও | চৌকিদার |

উল্লেখিত প্রার্থীকে আগামী **২৭ নভেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের প্রশাসন শাখায় কাজে যোগদানপত্র দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

### শর্তাবলী ঃ

০১। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরুপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে।

০৩। প্রার্থীকে তার নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে চৌকিদার পদে কাজের জন্য শারীরিক ও মানসিকভাবে যোগ্য মর্মে সনদপত্র সংগ্রহ করে কাজে যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪। প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক ব্যতিত অন্য কাউকে বিবাহ করেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।

০৫। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে থাকতে হবে এবং উক্ত অবস্থায় যে কোন মুহূর্তে কোনরূপ পূর্ব নোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ প্রার্থীকে চাকুরিচ্যুত করতে পারবেন।

০৬। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ বিধিমালা ২০০০ এর ০৬(১) (ক) এবং ৬(৩)(ক) অনুযায়ী শিক্ষানবিসকালীন সময়ের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করার বিষয়ে যথাসময়ে বিবেচনা করা হবে।

০৭। শিক্ষানবিস হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিরত থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।

০৮। নিয়োগকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিলযোগ্য বলে গণ্য হবে।

০৯। কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

**(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)**

রেজিস্ট্রার জেনারেল

স্মারক নং- ১৩৮০ (১-৮)/২০২৫ এসসি (এডি) তারিখ ঃ ১৮/১১/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি জারী করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

০২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৪। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৫। হিসাবরক্ষক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৬। ক্যাশিয়ার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৭। জনাব, মোঃ মিঠুন আলী, পিতা ঃ মোঃ আব্দুল মান্নান, মাতা ঃ অসবা বেগম, বর্তমান ও স্থায়ী ঠিকানা ঃ গ্রামঃ জসাই পাড়া, পোস্ট অফিসঃ ভোমরাদহ-৫১১০, উপজেলাঃ পীরগঞ্জ, জেলাঃ ঠাকুরগাঁও।

০৮। অফিস কপি।

১৮/১১/২০২৫

(শেখ মোহাঃ আমীনুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার